# ন হন্যতে

যে কোনও ধ্বংসের শেষে সভ্যতার চোখ কথা বলে
অথবা বলে না কিছু, শুধু চেয়ে থাকে, নিষ্পলক
দেখে, তার বুকে উঠে কারা যেন হাঁটে সদলবলে
দিগন্তে তখনও কিছু বিস্ফোরণ...দু'একটি ঝলক...

এখানে, একদিন আগে, ছিল একটি শিশু - হাসপাতাল
বাচ্চারা কাঁদেনি, ওরা দেখেছিল যুদ্ধ যুদ্ধ খেলা
নতুন বন্ধুরা এসে ওদের খেলায় নিল কাল
সে খেলা শেষ না হতে এসে গেল ঘুমনোর বেলা

মাটির কিছুটা নীচে ওদের ঘুমন্ত হাড়গোড়
ছোট হাত ছোট পা ছোট ছোট খুলি, তার গায়ে
এখনও তো লেগে আছে মাংস, চামড়া, গরম কাপড়
ডানদিকে বাবার হাত, মা-র চোখ পড়ে আছে বাঁয়ে

ওরা এরকমই থাকবে, ক্রমে নামতে থাকবে আরও নীচে
ঘুমিয়ে ঘুমিয়ে হয়তো স্বপ্ন দেখবে -- বহুদিন আগে
রঙিন নকশাকাটা হলদেটে মাটির পিরিচে
যে যেন তাদেরও মুখ এঁকে রাখছে আঁকাবাঁকা দাগে।

ছ'হাজার বছরের পুরনো তাদের খেলাধুলো
নাহয়, আবার এই মাটিতে পাথরে ধুলো হোক
কাল যে শিশুরা এই কবরে দু'চোখ বুজে শুলো
তাদের স্বপ্নের মতো জেগে থাকে সভ্যতার চোখ...

মন্দাক্রান্তা সেন

সৃষ্টিসন্ধান
Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com